

এসাইনমেন্ট - ২০২০

দশম শ্রেণি

বাংলা ১ম পত্র

পূর্ণমান - ৫০

[ক, খ, গ ও ঘ বিভাগ থেকে মোট ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত রীতির মিশ্রণ দৃশ্যীয়]

ক-অংশ (গদ্য)

১। মুক্তিযুদ্ধের সময় শুধু অবরুদ্ধ বাংলাদেশ, মুক্তাঞ্চল ও মুজিবনগর থেকে প্রকাশিত প্রায় ৬৪ টি পত্রিকার সন্ধান পাওয়া যায়। এগুলোর মধ্যে কিছু কিছু মুদ্রিত হলেও অধিকাংশই ছিল সাইক্লোস্টাইলের (হাতে লেখা)। ২-৩ টি পত্রিকা বাদে বেশির ভাগই ছিল সাপ্তাহিক। তবে যে ভাবেই প্রকাশিত হোক না কেন, সবগুলোর আদর্শ ও উদ্দেশ্যই ছিল পাকিস্তানিদের বিরুদ্ধে মুক্তিযুদ্ধে বাঙালি জাতিকে উদ্বুদ্ধ করা। এসব পত্রিকা বেশি সংখ্যক প্রকাশিত না হওয়ায় খুব একটা সহজলভ্য ছিল না। তাই পত্রিকাগুলোর এক একটি কপি যোদ্ধা ও জনগণদের কাছে ছিল অনেক মূল্যবান। সাধারণত কিশোর বয়সী ছেলেরাই এসব পত্রিকা বিলি করত। বিলি করার সময় তারা পাক-বাহিনীর হাতে ধরা পড়ে গেলে ততক্ষণে তাদের হত্যা করার ঘটনাও অনেক ঘটেছে।

- ক) গোয়েবলস্ কে? ১
- খ) 'গাজুরিয়া মাইর' বলতে কী বোঝায়? ২
- গ) উদ্দীপকের ভাবনা 'একাত্তরের দিনগুলি'র কোন দিককে উন্মোচিত করেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ) উদ্দীপকের অনুভব 'একাত্তরের দিনগুলি'র সমগ্র অনুভবকে ধারণ করে কী? মূল্যায়ন কর। ৪

খ-অংশ (কবিতা)

২। রক্তচোখের আগুন মেখে ঝলসে-যাওয়া/আমার বছরগুলো
আজকে যখন হাতের মুঠোয়/কণ্ঠনালীর খুন পিয়াসী ছুরি,
কাজ কি তবে আগলে রেখে বুকের কাছে/কেউটে সাপের ঝাঁপি !
আমার হাতেই নিলাম আমার/নির্ভরতার চাবি;
তুমি আমার আকাশ থেকে/সরাও তোমার ছায়া,
তুমি বাংলা ছাড়া।

(বাংলা ছাড়া- সিকান্দার আবু জাফর)

- ক) কারা অসুর নৃত্য করে? ১
- খ) 'ভেবেছিল অস্ত্রে মাত হবে'- এ ভাবনা কীভাবে মিথ্যা প্রমাণিত হয়েছিল? ২
- গ) উদ্দীপকে উদ্ধৃত চরণগুলোতে 'সাহসী জননী বাংলা' কবিতার কোন ভাব ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ) 'আমার হাতেই নিলাম আমার/নির্ভরতার চাবি।' - সংশ্লিষ্ট কবিতার আলোকে তোমার মত বিশ্লেষণ কর। ৪

গ-অংশ (উপন্যাস)

৩। ১১ দফা কর্মসূচী আন্দোলনের ছাত্রনেতা আব্দুর রউফ রংপুর প্রেস ক্লাবে জানিয়ে ছিলেন, সংগ্রাম ছাড়া সামনে আর কোন পথ নেই। পরদিন ৩ মার্চ সারা দেশের মতো রংপুরেও হরতাল পালিত হয়। হরতালের জন্য কোন পিকেটিং এর প্রয়োজন হয়নি। স্বতঃস্ফূর্ত মানুষ হরতাল করে। রংপুরের রাজনীতির ইতিহাসে এটি একটি স্মরণীয় দিন। কাচারি বাজার হতে ছাত্রনেতাদের নেতৃত্বে ছোট একটি মিছিল শুরু হয় মূল শহর অভিমুখে। পথে সর্বস্তরের মানুষ মিছিলে অংশগ্রহণ করতে থাকে। ক্রমান্বয়ে মিছিলের বিশালতা বাড়তে থাকে। মিছিলটি ছিল অত্যন্ত সুশৃঙ্খল। মিছিলে গণন-বিদারী শ্লোগান চলছিল। 'তোমার আমার ঠিকানা, পদ্মা-মেঘনা-যমুনা'। 'তোমার নেতা আমার নেতা, শেখ মুজিব শেখ মুজিব'। 'ইয়াহিয়ার মুখে লাখি মারো, বাংলাদেশ স্বাধীন করো'।

- ক) 'কাকতাদুয়া' উপন্যাসে আর্ট কলেজের ছাত্রটি কে? ১
- খ) মধুকে বুধা তাকে 'বঙ্গবন্ধু' ডাকতে বলেছে কেন? ২

- গ) উদ্দীপকের বাস্তবতার সাথে ‘কাকাতুয়া’ উপন্যাসের কোন মিল আছে কী? বুঝিয়ে লিখ। ৩
- ঘ) “উদ্দীপকের ছাত্রনেতা ও ‘কাকতাদুয়া’ উপন্যাসের মূল চরিত্রটি মুক্তিযুদ্ধের একই চেতনার প্রতিনিধিত্ব করেছে।”
উক্তিটির যথার্থতা যাচাই করো। ৪

ঘ-অংশ (নাটক)

১০। মজু ব্যাপারীর মেজ মেয়েকে ভূতে পেয়েছে। ভূত তাড়ানোর জন্য সবাই তাকে গেনু মোল্লার কাছে নিয়ে এসেছে। গেনু মোল্লা শুকনো মরিচে আগুন ধরিয়ে মেয়ের নাকের কাছে ধরে চিৎকার করে বলছে - ‘কোনহান থাইকা আইছস শিগগির কইরা ক, নাইলে কিছুক ছাড়ুমনা।’

- ক) তাহেরা কোন ঘাট থেকে বজরায় উঠেছিল? ১
- খ) হাতেম আলী কেন শহরে গিয়েছিল? ২
- গ) উদ্দীপকটি ‘বহিপীর’ নাটকের সাথে কীভাবে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
- ঘ) “উদ্দীপকের মূলভাব ‘বহিপীর’ নাটকের মূলভাবের সঙ্গে মিলের চেয়ে অমিলই বেশি মনে হয়”- মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

নৈব্যক্তিক অংশ (২০)

১. ‘চিহ্ন’ উপন্যাসটি কোন লেখকের রচনা?
২. নাটককে প্রধানত কোন কাব্যের পর্যায়ভুক্ত ভাবা হয়?
৩. ‘নাহি তত্ত্ব নাহি উপদেশ’ - এর পরের চরণ কোনটি?
৪. যুদ্ধ চলাকালে গাঁয়ে কোন কমিটি গঠন করা হয়েছিল?
৫. শাহাবুদ্দিন বুধাকে কী দায়িত্ব দিয়েছিলেন?
৬. বজরায় বহিপীরের নববধু আছে জানতে পেরে তিনি কী করেছিলেন?
৭. মিথ্যা কথা বলা সম্বন্ধে হাতেমের ধারণা কী ছিল?
৮. কার ঘাড়ে এবং ভিতরে শয়তান রয়েছে?
৯. নির্মলেন্দু গুণ নেত্রকোণা জেলার কোন গ্রামে জন্মগ্রহণ করেন?
১০. কবিতায় ‘প্রাণের সবুজ’ বলতে কী বোঝানো হয়েছে?
১১. ৭ই মার্চ জনসভায় আসা মধ্যবিত্তের হাতে কী ছিল?
১২. কামাল চৌধুরী কোন ধরনের কবি?
১৩. ‘সাহসী জননী বাংলা’ কবিতাটির বক্তা কে?
১৪. ‘তোদের অসুর নৃত্য’ - এখানে ‘তোদের’ বলতে কাদের বলা হয়েছে?
১৫. রানারের জীবনের দুঃখ কেবল কে জানবে?
১৬. ‘আমার পরিচয়’ কবিতায় আউল-বাউলদের দেউল কী দিয়ে তৈরি? মাটি
১৭. সৈয়দ শামসুল হকের কোন গ্রন্থ থেকে ‘আমার পরিচয়’ শীর্ষক কবিতাটি সম্পাদিত আকারে চয়ন করা হয়েছে?
কিশোর কবিতা সমগ্র
১৮. হাজী শরীয়াতউল্লাহ প্রবর্তিত আন্দোলনের নাম কী?
১৯. লেখকের মতে কী ভুলে যাওয়া এত সহজ নয়?
২০. ‘আমাদের ঐতিহ্য তো মীর মদন ও মোহন লালের’ - বলতে কী বোঝানো হয়েছে?